

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির ডিসেম্বর ২০২২ সালের সভার কার্য বিবরণীঃ

সভাপতিঃ মোঃ মিজানুর রহমান, ভাইস চেয়ারম্যান।

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

স্থানঃ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ


তারিখঃ ১৩-১২-২২খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতবৃন্দ পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব কাওসার আহমেদকে অনুরোধ জানান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনী থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বাজারমূল্য মনিটরিং	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন যে, কলমাকান্দা উপজেলা খাদ্যশস্যের বাজারমূল্য স্থিতিশীল রাখতে হলে সকলের সচেতনতা ও সহযোগিতা প্রয়োজন। আরো বলেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় দৈনিক ও সাপ্তাহিক বাজার মনিটরিং করে থাকে। চেয়ারম্যান, কলমাকান্দা ইউ, পি বলেন, কলমাকান্দা বাজারে আতপ চালের মজুদ কম থাকায় তিনি চালের বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।	বিস্তারিত আলোচনান্তে বাজারমূল্য নিয়ন্ত্রনে বাজার মনিটরিং করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	ব্যবসায়ীদের লাইসেন্স	সভাপতি বলেন যে, জনসাধারণের জন্য খাদ্যশস্য হাতের নাগালে রাখতে সকলকে ভূমিকা রাখার আহ্বান জানান। বিশেষ করে আড়ৎদার ও চালকল মালিকদের লাইসেন্স এর আওতায় আনার প্রতি গুরুত্বারোপ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যবসায়ী ও চালকল মালিকদের লাইসেন্স করতে জোর প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।




(মোঃ মিজানুর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কলমাকান্দা, নেত্রকোণা।

তারিখঃ ১৩-১২-২০২২খ্রিঃ

স্মারক নং-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।
- ৩। অফিস কপি।


১৩-১২-২০২২
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কলমাকান্দা, নেত্রকোণা।